



আশ্রয়ণের অধিকার
শেখ হাসিনার উপহার

স্মারক নং -০৩.০২.০০০০.৭০৩.১৪.০১৭.১৯-০২৬০

তারিখঃ ০৬ আশ্বিন ১৪২৭ ব.
২৬ সেপ্টেম্বর ২০২০ খ্রি.

বিষয়ঃ মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীন 'ক' শ্রেণির পরিবার পুনর্বাসন।

সূত্রঃ এ কার্যালয়ের স্মারক নং-০৩.০২.০০০০.৭০৩.১৪.০১৭.১৯-৯৬০ তারিখঃ ২৫ আগস্ট ২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুজিব শতবর্ষে সকল ভূমিহীনদের গৃহ নির্মাণ করে দেয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুশাসন বাস্তবায়নে জেলা প্রশাসন হতে সেপ্টেম্বর/২০২০ খ্রি. এ প্রাপ্ত তথ্য মতে এখনই গৃহ নির্মাণ উপযোগী ২ শতাংশ খাস জমি বন্দোবস্ত প্রদানপূর্বক একক গৃহ নির্মাণের মাধ্যমে প্রথম পর্যায়ে ৫৯,৮০৩টি পরিবার পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়নে নিম্নরূপ বিভাজন করা হয়েছেঃ

বাস্তবায়নকারী সংস্থা	২ শতাংশ খাস জমি বন্দোবস্ত প্রদানপূর্বক একক গৃহ নির্মাণের মাধ্যমে পুনর্বাসিতব্য 'ক' শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবার সংখ্যা	একটি গৃহের নির্মাণ ব্যয় (টাকা)	মোট প্রাক্কলিত ব্যয়	বিভাজনকৃত বিভাগ
আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়	২৪,৫৩৮টি	১.৭১ লক্ষ	৪১৯.৬০ কোটি	ঢাকা, রংপুর ও বরিশাল
দুর্যোগ সহনীয় গৃহ নির্মাণ কর্মসূচি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	২০,৩৭৩টি	১.৭১ লক্ষ	৩৪৮.৩৭ কোটি	রাজশাহী, সিলেট ও খুলনা।
গুচ্ছগ্রাম-২য় পর্যায় (CVRP) প্রকল্প, ভূমি মন্ত্রণালয়	১৪,৮৯২টি	১.৭১ লক্ষ	২৫৪.৬৫ কোটি	চট্টগ্রাম ও ময়মনসিংহ
মোট =	৫৯,৮০৩টি		১০২২.৬২ কোটি	

০২। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুশাসন বাস্তবায়নে প্রথম পর্যায়ে ভূমিহীন গৃহহীন 'ক' শ্রেণির উপরোক্ত পরিবার পুনর্বাসনের লক্ষ্যে জরুরী ভিত্তিতে কার্যক্রম শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ১ম সপ্তাহে এ কার্যালয়ে প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

০৩। সূত্রোক্ত পত্রে উল্লিখিত জমি আছে ঘর নেই এরূপ 'খ' শ্রেণি পুনর্বাসনের কার্যক্রম স্থগিত রাখার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি : ১। সেপ্টেম্বর/২০২০ খ্রি.তারিখে স্থানাগাদকৃত তথ্য মতে এখনই ব্যারাক নির্মাণের মাধ্যমে এবং ২ শতাংশ খাস জমি বন্দোবস্ত প্রদানপূর্বক গৃহ নির্মাণের মাধ্যমে পুনর্বাসযোগ্য 'ক' শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবারের তালিকা-১১ পাতা
২। সূত্রোক্ত পত্র-১ পাতা।

মোঃ মাহবুব হোসেন
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

☎ ৪৮১১২৬১৮

মোবাইলঃ-০১৭১১৫৬৪৬৬৬

ই-মেইল : ashrayanpmo@gmail.com

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৪। সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৬। অফিস কপি।